

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 11-01-2025  
Time: 07:53-08:00 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন ।
- (২) রাজ্যে নতুন ২৪টি আবহাওয়া স্টেশন গড়ে তোলার অনুমোদন দিয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুব দিবস উপলক্ষে আগামীকাল সকাল ১০টায় নতুন দিল্লির ভারত মণ্ডপে 'বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ ২০২৫'-এ অংশগ্রহণ করবেন ।
- (৪) টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার দুটি সেমিফাইনালে জুয়েলস কোচিং সেন্টার বনাম চাম্পামুড়া কোচিং সেন্টার এবং এডি নগর কোচিং সেন্টার বনাম এগিয়ে চলো সংঘ পরস্পরের মুখোমুখি হবে ।

\*\*\*\*\*

**Courtsey Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যের উন্নয়ন সহ জনগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়।

\*\*\*\*\*

#### **Weather Station :**

ভারতীয় আবহাওয়া দপ্তর, আই এম ডি-র দেড়শো বছর পূর্তি হবে আগামী ১৪ই জানুয়ারী। এই উপলক্ষে আগামীকাল ১২ই জানুয়ারী আগরতলায় 'ওয়েদার ফর রান'-এর আয়োজন করেছে ভারতীয় আবহাওয়া দপ্তর। আইএমডি- আগরতলা বিভাগের অধিকর্তা ডঃ পার্থ রায় আকাশবাণীর প্রতিনিধিকে এ সংবাদ জানিয়ে বলেছেন, দক্ষিণ ত্রিপুরা জেলার সাব্রুমে, অত্যাধুনিক ডপলার রাডার স্টেশন সহ পূর্ণ ক্ষমতার আবহাওয়া স্টেশন গড়ে তোলা হবে। তিনি আরো জানান, রাজ্যে আবহাওয়া পর্যবেক্ষণ ব্যবস্থাকে উত্তম ভাবে গড়ে তুলতে নতুন ২৪টি আবহাওয়া স্টেশন গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার অনুমতি দিয়েছে।

#####Byte#####

\*\*\*\*\*

#### **PM-Young Leaders :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুব দিবস উপলক্ষে আগামীকাল সকাল ১০টায় নতুন দিল্লির ভারত মণ্ডপে 'বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ ২০২৫'-এ অংশগ্রহণ করবেন। তিনি সেখানে সারা দেশে তিন হাজার তরুণ নেতৃত্বের সঙ্গে মিলিত হবেন। এই উপলক্ষে একটি জনসভায়ও ভাষণ দেবেন তিনি।

\*\*\*\*\*

#### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে দেশের উন্নয়নের যাত্রায় দেশের যুবকদের সম্পৃক্ত করার জন্য Viksit Bharat ইয়াং লিডারস ডায়ালগ একটি অনন্য উদ্যোগ। তিনি আজ জাতীয় যুব উৎসব ২০২৫ এবং বিকশিত ভারত তরুণ নেতাদের আলোচনা বিষয়ে যুব বিষয়ক ও ক্রীড়া প্রতিমন্ত্রী রক্ষা খাডসের লেখা একটি নিবন্ধ শেয়ার করে বলেন যে এই অনুষ্ঠানটি একটি বিকশিত

ভারতের রূপকল্প উপলব্ধি করার জন্য তরুণ মনের শক্তি,  
সৃজনশীলতা এবং নেতৃত্বকে তুলে ধরে।

\*\*\*\*\*

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।  
আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ.  
ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং  
নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক  
প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ  
লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন  
টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /  
ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে  
আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**PM-Ramlala :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অযোধ্যায় রাম লালার অভিষেকের  
প্রথম বার্ষিকীতে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।  
সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে এই মন্দিরটি  
শতাব্দীর ত্যাগ, তপস্যা এবং সংগ্রামের পরে নির্মিত হয়েছে।  
তিনি এটিকে আমাদের সংস্কৃতি ও আধ্যাত্মিকতার একটি মহান  
ঐতিহ্য বলে অভিহিত করেছেন।

#####Byte-PM#####

\*\*\*\*\*

**Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন,  
সমাজের প্রতিটি স্তরে নারীদের অধিকার প্রতিষ্ঠা ও ক্ষমতায়নের

পথ সুগম করতে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্যস্তরীয় মহিলা কল্যাণ ও স্বশক্তিকরণ সম্মেলন এর উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী রায় বলেন, রাজ্যে চাকুরী ক্ষেত্রে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন মহিলাদের জন্য ৮টি জেলায় ৮টি সখী ওয়ানস্টপ সেন্টার পরিচালিত হচ্ছে। রাজ্য সরকার মোট ৮৯ হাজার ৪৭০ জন মহিলাদের প্রতি মাসে ২ হাজার টাকা করে সামাজিক সুরক্ষা পেনশন প্রদান করছে। মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেবর্মা বলেন মহিলারা যাতে তাদের মৌলিক অধিকার থেকে বঞ্চিত না হন সে দিকে লক্ষ্য রাখতে হবে। তাছাড়া বক্তব্য রাখেন ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেবর্মা ও সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা বিজন চক্রবর্তী।

\*\*\*\*\*

#### **Jagrati-Udaipur :**

খাদ্য ও পরিবহন দপ্তরের উদ্যোগে আজ উদয়পুরের রাজর্ষি কলাক্ষেত্রে ভোক্তা সুরক্ষা, সড়ক নিরাপত্তা এবং মাদকের অপব্যবহারের হুমকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "জাগৃতি-২০২৫: আন্তঃকলেজ কুইজ প্রতিযোগিতা" অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, ত্রিপুরা হাইকোর্ট বিচারপতি অরিন্দম লোধ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার দুটি সেমিফাইনালে জুয়েলস কোচিং সেন্টার বনাম চাম্পামুড়া কোচিং সেন্টার এবং এডি নগর কোচিং সেন্টার বনাম এগিয়ে চলো সংঘের মধ্যে খেলা হবে। আজ আসরে চারটি

কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এতে চাম্পামুড়া কোচিং সেন্টার ৯ উইকেটে এন এস আর সি সি'কে, নেপকো মাঠে এ ডি নগর কোচিং সেন্টার ২২ রানে কর্ণেল কোচিং সেন্টারকে, জুয়েলস কোচিং সেন্টার ২ উইকেটে জিবি প্লে সেন্টারকে এবং এগিয়ে চলো সংঘ ২৩ রানে প্রগতি প্লে সেন্টারকে পরাজিত করে।

\*\*\*\*\*

#### **Chess Competition :**

স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত উন্মুক্ত দাবা প্রতিযোগিতায় অনুরাগ ভট্টাচার্য চ্যাম্পিয়ন হয়েছে। আগরতলার স্বামী বিবেকানন্দ ক্লাবে দুদিনব্যাপী পাঁচ রাউন্ডের লড়াইয়ে রাজবীর আহমেদ রানার্স ও কিংশুক দেবনাথ তৃতীয় স্থান পান।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করা হয়েছে।

\*\*\*\*\*